দৈনিক ইত্তেফাক

11 MAR 2008

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ কর্মীদের হাতে শিক্ষিকা লাঞ্ছিত

## শাস্তি না হওয়া পর্যন্ত শিক্ষকদের ক্লাস বর্জন

॥ জবি সংবাদদাতা ॥

গত রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বাংলা বিভাগের এক মহিলা শিক্ষককে ছাত্রলীগের কিছু কর্মী ক্যাম্পাসে শারীরিকভাবে লাঞ্ছিত করেছে। এ ঘটনার প্রতিবাদে গতকাল বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক ও ছাত্র-ছাত্রী ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ ও ক্লাস অর্জন কর্মসূচি পালন করেছে। দোষীদের শাস্তি না হওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম স্থগিত ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক পরিষদ। ঘটনার সঙ্গে জড়িত কাউকে এ পর্যন্ত পুলিশ গ্রেফতার করতে পারেনি।

জানা যায়, রবিবার সকাল ১১টায় বাংলা বিভাগের প্রভাষক সুলতানা খানম ৩য় সেমিস্টারের ক্লাস নিচ্ছিলেন। এ সময় ছাত্রলীগের কর্মী শাহাদাত তার সহপাঠী শিবির কর্মী শাহিনুর রহমান অভিকে ক্লাস করতে নিষেধ করে। কিন্তু অভি ক্লাস চালিয়ে যায়। পরে ছাত্রলীগ কর্মীরা ঐ শিক্ষকের ক্লাস থেকে অভিকে ছিনিয়ে আনার চেষ্টা করে। এ সময় তিনিসহ এ বিভাগের চেয়ারম্যান আমিনা খাতুন বাধা দেয়। পরে ক্লাস শেষে সুলতানা খানম যখন বাসায় ফিরছিলেন তখন দুপুর ১টার দিকে ছাত্রলীগ কর্মী অর্থনীতি সেমিস্টারের ছাত্র সঞ্চিদিপ, সুমন, বিনয়, সোহেল, সৌরভ ও রাষ্ট্রবিজ্ঞানের শ্রাবন পথরোধ করে দাঁড়ায়। গাড়িতে ওঠার সময় শারীরিকভাবে লাঞ্ছিত করে। তার গায়ে হাত দিয়ে কাপড়ের আচল টেনে কোন মতে ঐ প্রভাষক গাড়িতে উঠে চলে যান। তারাও পিছু [illegible] তার রামপুরার বাসায় যায়। বাসার অন্যান্য লোকদের সামনে শিক্ষ[illegible] হুমকি দিয়ে বলেন-'আমাদের কাজে যারা বাধা দেয় তারা কোন[illegible] রেহাই পায়নি। আপনিও পাবেন না। আপনাকে আমরা দেখে নেব' বলে তারা চলে আসে। গতকাল কয়েক দফায় তার বাসায় ল্যান্ডফো[illegible] প্রাণনাশের হুমকি দেয়া হয়।

### বিশ্ববিদ্যালয়ের কর্মসূচি

এ ঘটনায় দোষীদের বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার ও গ্রেফতারের [illegible] জানিয়েছেন শিক্ষক ও শিক্ষার্থীরা। দোষীদের শাস্তি না হওয়া [illegible] বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম স্থগিত ঘোষণা করেছে বিশ্ববিদ্যাল[illegible] শিক্ষক পরিষদ। গতকাল বিক্ষোভকালে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর [illegible] আসাদুজ্জামান এ ঘোষণা দেন। শিক্ষক সমাবেশে জগন্নাথ বিশ্ববিদ্যা[illegible] ভিসি ড. সিরাজুল ইসলাম বলেন, ছাত্র নেতাদের অতিরিক্ত সম্মান দে[illegible] আজ এ অবস্থার সৃষ্টি হয়েছে। দেশ আজ ধ্বংসের মুখে দাঁড়িয়েছে। [illegible] ছাত্রদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা নেয়া হবে। তিনি দোষী ছা[illegible] গ্রেফতারের জন্য পুলিশকে অনুমতি প্রদান করেন। জগন্নাথ বিশ্ববিদ্যা[illegible] এ প্রভাষক লাঞ্ছিত ও প্রাণনাশের হুমকির ঘটনায় বিসিএস সাধারণ শি[illegible] সমিতি নিন্দা জানিয়েছে। সমিতির সভাপতির অধ্যাপক ইফতেখার আ[illegible]